# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ মহান আল্লাহর বিশেষণ, তাকদীর ইত্যাদি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. আল্লাহর বিশেষণ কেন্দ্রিক বিভ্রান্তি

প্রথম হিজরী শতকের শেষ থেকে মুসলিম সমাজে ইহূদী, খৃস্টান, পারশিয়ান ও হিন্দু ধর্মতত্ত্ব ও দর্শনের অনুপ্রবেশ ঘটে। এগুলোর প্রভাবে এ সকল ধর্ম থেকে আগত মুসলিমগণ এবং অন্যান্য অনেক মুসলিম আল্লাহর গুণাবলি অস্বীকার বা ব্যাখ্যা করতে শুরু করেন এবং অনেকে মহান আল্লাহকে সৃষ্টির সাথে তুলনীয় বলে দাবি করতে থাকেন। এ সময়ে মুসলিম সমাজে এ বিষয়ে নিম্নের তিনটি মত বিদ্যমান ছিল:

(১) মহান আল্লাহর বিশেষণের মানবীয়করণের মতবাদ

(২) মহান আল্লাহর বিশেষণ অস্বীকার করার মতবাদ

(৩) সাহাবী-তাবিয়ীগণ ও মূলধারার ব্যাখ্যামুক্ত স্বীকৃতির মতবাদ

Source — https://www.hadithbd.com/books/link/?id=7145

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন